## 37695 - বাসা থেকে ইমামের সাথে ইকতিদা করার হুকুম

প্রশ্ন

বাসা থেকে ইমামের পিছনে নামায পড়ার হুকুম কি? মসজিদের মিনারা বাসার ছাদের পার্শ্ববর্তী।

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

বাসা থেকে মসজিদের ইমামের পিছনে নামায পড়া শুদ্ধ নয়।

মসজিদের ইমামের সাথে বাসা থেকে নামায পড়া শুদ্ধ হবে না; যদি না মুক্তাদি মসজিদের ভেতরে না থাকে কিংবা মসজিদের বাহিরে থাকলেও কাতার সংযুক্ত থাকে। যেমন যদি মসজিদ মুসল্লিতে ভরে যায়; তখন কেউ কেউ মসজিদের বাহিরে নামায পড়ে; তাহলে তাদের নামায সহিহ হবে।

পক্ষান্তরে মসজিদের ভেতরে জায়গা থাকা সত্ত্বেও মসজিদের বাহিরে নামায পড়লে সেই নামায সহিহ হবে না।

স্থায়ী কমিটিকে প্রশ্ন করা হয়েছিল ঐ ব্যক্তি সম্পর্কে যে ব্যক্তি নিজের বাসায় জামাত করে নামায পড়েছে মসজিদের মাইক থেকে সাউন্ড শুনার মাধ্যমে। ইমাম ও মুক্তাদির মাঝে কোন সংযোগ ছিল না; যেমনটি মওসুমের সময় মক্কা ও মদিনাতে ঘটে থাকে?

জবাবে তারা বলেন:

“নামায সঠিক হবে না। এটি শাফেয়ি মাযহাবের অভিমত এবং ইমাম আহমাদও এটি বলেছেন। তবে যদি কাতারগুলো তার বাসার সাথে সংযোগ হয়ে যায় এবং ইমামকে দেখে ও ইমামের কথা শুনার মাধ্যমে তিনি ইমামের ইকতিদা করতে পারেন; তাহলে সঠিক হবে। কেননা মুসলিমের ওপর ওয়াজিব হলো আল্লাহ্‌র ঘরসমূহে অন্য মুসলিম ভাইদের সাথে জামাতের সাথে নামায আদায় করা। যেহেতু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “যে ব্যক্তি আযান শুনেও (মসজিদে) আসেনি; তার কোন নামায নাই। তবে কোন ওজর থাকলে ভিন্ন কথা।”[সুনানে ইবনে মাজাহ ও মুস্তাদরাকে হাকেম] হাফেয ইবনে হাজার বলেছেন: হাদিসটির সনদ ইমাম মুসলিমের শর্তে উন্নীত। এবং অন্ধ লোকটি যখন নিজ ঘরে নামায পড়ার জন্য নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে প্রার্থনা করলেন তখন তিনি বললেন: “তুমি কি নামাযের আযান শুন? লোকটি বলল: হ্যাঁ। তখন তিনি বললেন: তাহলে সাড়া দাও”।[সহিহ মুসলিম] আল্লাহ্‌ই তাওফিকের মালিক।

ফাতাওয়াল লাজনাদ্ দায়মিা (৮/৩২)